# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 20.08.2024 Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR হাসপাতলে তরুণী PGT চিকিৎসকের ওপর নির্মম অত্যাচার এবং খুনের ঘটনায় আজ সুপ্রিম কোর্টে স্বতঃপ্রণোদিত মামলার শুনানি হবে।

# CBI দলে যোগ দিয়েছেন হাথরাস কান্ডে তদন্ত আধিকারিক সীমা পাহুজা।

২/ সমাজ মাধ্যমে ভুল তথ্য দেওয়ার অভিযোগে গ্রেপ্তারির আশঙ্কায় তৃণমূল কংগ্রেস সাংসদ সুখেন্দু শেখর রায়ের দায়ের করা আবেদন নিয়ে আজ হাইকোর্টে শুনানি হতে পারে।

৩/ রাজ্য সরকার R G KAR –এর আর্থিক অনিয়ম খতিয়ে দেখার জন্য বিশেষ তদন্ত দল গঠন করেছে।

৪/ আলু ব্যাবসায়ীদের কর্ম বিরতির জেরে জটিলতা প্রশমনে সরকার আজ বৈঠকে বসতে চলেছে।

৫/ খাদ্য দপ্তর, নির্দিষ্ট সময়ের আগেই খরিফ মরসুমের নির্ধারিত লক্ষ্যমাত্রার চাল সংগ্রহের কাজ শেষ করেছে।

*****************************************************************

RG KAR হাসপাতলে তরুণী PGT চিকিৎসকের ওপর নির্মম অত্যাচার এবং খুনের ঘটনায় আজ সুপ্রিম কোর্টে স্বতঃপ্রণোদিত মামলার শুনানি হবে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে হবে এই শুনানি।

উল্লেখ্য, ৯'তারিখ সকালে তরুণীর দেহ উদ্ধারের পর সঞ্জয় রায় নামে কলকাতা পুলিশের এক সিভিক ভলেন্টিয়ারকে গ্রেপ্তার করা হয়। ১৩ তারিখ কলকাতা হাইকোর্টের নির্দেশ মামলার তদন্তভার যায় CBI-এর হাতে। তবে, বারবার এই ঘটনায় একাধিক ব্যক্তি জড়িত থাকার কথা উঠলেও, এখনো পর্যন্ত নতুন করে আর কেউ গ্রেপ্তার হয়নি। জানা যায়নি এই নির্মম ধর্ষণ ও হত্যাকান্ডের মোটিভ'ও।

এদিকে, তদন্তে গতি আনতে এবার কেন্দ্রীয় দলে যোগ দিয়েছেন CBI আধিকারিক সীমা পাহুজা। উত্তরপ্রদেশের হাথরাস ধর্ষণ কান্ডে তদন্তকারী দলকে নেতৃত্ব দিয়েছিলেন এই CBI আধিকারিক।

অন্যদিকে, গতকাল নিয়ে টানা চারদিন RG KAR-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে CGO কমপ্লেক্সে একটানা জেরা করেছে CBI । চারদিনে প্রায় ৫০ ঘন্টা ধরে জিজ্ঞাসাবাদ চালানো হয়। গতকাল কেন্দ্রীয় সংস্থার আধিকারিকরা আলাদা আলাদা দলে ভাগ হয়ে বিভিন্ন জায়গায় যান। বিকেলে একটি দল পানিহাটিতে ফের একবার নির্যাতিতার বাড়ি গিয়ে ওই ডাক্তারের পরিবারের সঙ্গে কথা বলেন। ওপর একটি দল যায় লালবাজার। অত্যাধুনিক যন্ত্রপাতি নিয়ে তল্লাশি চালানো হয় RG KAR-এর এমার্জেন্সি বিভাগ এবং ট্রমা কেয়ার সেন্টারে।

**********************

RG KAR কান্ডে ধৃত এক মাত্র অভিযুক্ত সঞ্জয় রায়ের পলিগ্রাফ টেস্টের অনুমতি দিয়েছে শিয়ালদা আদালত। ৯-ই আগস্ট চিকিৎসক পড়ুয়া তরুণীর মৃতদেহ হাসপাতালের সেমিনার রুম থেকে উদ্ধার হওয়ার পরের দিনই গ্রেফতার হয়েছিল এই সিভিক ভলান্টিয়ার। আদালতের নির্দেশে তদন্তভার হাতে নেওয়ার পর পুলিশের কাছ থেকে সঞ্জয়কে হেফাজতে নেয় সিবিআই।

তার বয়ানে নানারকম অসঙ্গতি ধরা পড়ে। তাকে জেরার সময় মনস্তত্ত্ববিদের সাহায্য নেওয়া হয়। এবার পলিগ্রাফ টেস্ট করা হবে সঞ্জয়ের।

**********************

RG KAR কান্ডে সমাজ মাধ্যমে ভুল তথ্য পোস্ট করা অভিযোগে কলকাতা পুলিশের পাঠানো দুটি নোটিসের প্রেক্ষিতে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ সুখেন্দু শেখর রায়। অসুস্থতার কথা জানিয়ে চিকিৎসার নথি লালবাজারে পাঠিয়ে দিলেও, গ্রেপ্তারির আশঙ্কা করছেন তিনি। আজ এই মামলার শুনানি হতে পারে।

এদিকে, পুলিশের সমন পাঠানোর অর্থ গ্রেপ্তার নয় বলে তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ জানিয়েছেন। তিনি বলেন, এব্যাপারে প্রতিবাদ করার ক্ষেত্রে কোনো বাধা নেই, তবে বিকৃত তথ্য প্রচার না করাই শ্রেয়।

(বাইট- কুণাল অন সুখেন্দু)

অন্যদিকে, শাসক দলের সাংসদকে কলকাতা পুলিশের এই সমন পাঠানোর ঘটনাকে কটাক্ষ করেছেন বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য।

( বাইট- শমীক অন সুখেন্দু )

**********************

RG KAR কান্ড নিয়ে ভুল তথ্য দেওয়া এবং নির্যাতিতার নাম প্রকাশের অভিযোগে পুলিশী তলবে গতকাল লালবাজারে হাজির হন দুই প্রবীন চিকিৎসক কুণাল সরকার ও সুবর্ণ গোস্বামী। কলকাতা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে তাঁদের নিয়ে চিকিৎসকদের একটি মিছিল লালবাজার রওনা হলে ফিয়ার্স লেনে ব্যারিকেড দিয়ে পুলিশ মিছিল আটকে দেয়। ডিসি পদমর্যাদার দুই আধিকারিক এসে ডাক্তার সরকার ও ডাক্তার গোস্বামীকে লালবাজারের ভেতরে নিয়ে যান। সঙ্গে ছিলেন তাঁদের আইনজীবিরা। দুই চিকিতসকেরই দাবী, কোনো রকম আইনবিরুদ্ধ কাজ তাঁরা করেননি। ঘণ্টাখানেক পর তারা বেরিয়ে আসেন। কুনাল সরকার বলেন, তাঁরা চান প্রতিটি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসকরা যেন সুরক্ষিতভাবে কাজ করতে পারেন।

মিছিলে যোগ দেওয়া চিকিৎসকদের অভিযোগ, মুখবন্ধ করার জন্য এবং ভয় দেখাতেই পুলিশের এই সক্রিয়তা। আর জি কর হাসপাতালে ১৪ই আগষ্ট মধ্যরাতে দুষ্কৃতী তান্ডবের সময় পুলিশের এই ততপরতা দেখা যায়নি কেন সে প্রশ্নও তোলেন  তাঁরা।

এই ঘটনায় ন্যায় বিচার চেয়ে কলকাতা হাইকোর্টের আইনিজীবিরা গতকাল মিছিল করেন। দলমত নির্বিশেষে মিছিলে অংশ নেন প্রবীণ থেকে নবীন, বহু আইনজীবি। আদালতের নজরদারিতে স্বচ্ছ ও সঠিক তদন্তের দাবীও জানানো হয়।

**********************

RG KAR-এ আর্থিক অনিয়মের অভিযোগ তদন্ত করে দেখার জন্য রাজ্য সরকার, বিশেষ তদন্তকারী দল সিট গঠন করেছে। স্বরাষ্ট্র দপ্তর থেকে এই সংক্রান্ত নির্দেশিকা প্রকাশ হয়েছে। স্বামী বিবেকানন্দ স্টেট পুলিশ একাডেমির আইজি প্রণব কুমারের নেতৃত্বে চারজনের এই দল তদন্ত চালাবে। দলের বাকি সদস্যরা হলেন মুর্শিদাবাদ রেঞ্জের ডিআইজি রেজা, কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখার্জী এবং ডিআইজি সিআইডি সোমা দাস মিত্র । ২০২১ সালের জানুয়ারি থেকে এ পর্যন্ত গোটা সময় কালের আর্থিক অনিয়মের তদন্ত করে দেখা হবে। এ সময়, এই দল প্রয়োজনে যেকোনো সরকারি দপ্তরে যেতে পারবে বা যে কোনও  নথি পত্র দেখতে পারবে। সে ব্যাপারে এই তদন্তকারী দলকে পূর্ণ স্বাধীনতা দেওয়া হয়েছে। এমনকি বেসরকারি সংস্থার নথি পত্র খতিয়ে দেখতে পারবে সিট। এক মাসের মধ্যে তারা প্রথম রিপোর্ট নবান্নে জমা দেবে।

**********************

রাজ্য সরকার কলকাতা পুলিশের আওতায় থাকা থানাগুলিতে কর্তব্যরত সিভিক ভলান্টিয়ারদের সম্পর্কে বিস্তারিত তথ্য তলব করেছে। তাদের অতীত রেকর্ড, চরিত্রগত মূল্যায়ন এবং পরিচয় পত্রের প্রতিলিপি যাচাই করার পাশাপাশি কর্মক্ষেত্রে তাদের পারফরমেন্স, মদ্যপান করেন কিনা বা তার বিরুদ্ধে কোন অভিযোগ আছে কিনা তা বিস্তারিত ভাবে লিখিত আকারে

পাঠানোর জন্যে স্বরাষ্ট্র দপ্তর থেকে লালবাজারকে নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

উল্লেখ্য, আর জি কর হাসপাতাল কান্ডে একমাত্র ধৃত সঞ্জয় রাই সিভিক ভলান্টিয়ার পদে কর্মরত হওয়ায় রাজ্য সরকারের এই পদক্ষেপ বলে মনে করা হচ্ছে।

**********************

ভিন রাজ্যে রপ্তানির ক্ষেত্রে অযথা জটিলতার অভিযোগে আলু ব্যবসায়ীরা কর্মবিরতি শুরু করায় রাজ্য সরকার তাদের সঙ্গে বৈঠকে বসতে চলেছে। আজ নবান্নে এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে সরকারের তরফে প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতির সদস্যদের উপস্থিত থাকতে বলা হয়েছে। মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকা ছাড়াও বৈঠকে কৃষি বিপনন মন্ত্রী ও সচিবের উপস্থিত থাকার কথা।

উল্লেখ্য, এর আগে প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি গত ২০শে জুলাই থেকে টানা পাঁচদিন ধর্মঘট করেছিল। পরে মুখ্যমন্ত্রীর নির্দেশে কৃষি ও পঞ্চায়েত মন্ত্রী, সমিতির সঙ্গে হুগলীর হরিপালে বৈঠক করেছিলেন।

এদিকে আগামী খরিফ মরসুমে সারের যোগান নিয়মিত রাখতে কি পদক্ষেপ করা যায় তা নিয়ে কৃষি মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়েরও একটি বৈঠক করার কথা।

**********************

খাদ্য দফতর, নির্ধারিত সময়ের আগেই রাইস মিলগুলির কাছ থেকে খরিফ মরশুমের নির্ধারিত লক্ষ্যমাত্রার ৯০ শতাংশ চাল সংগ্রহের কাজ শেষ করেছে। এখনও পর্যন্ত চলতি মরশুমে প্রায় সাড়ে ৫১ লক্ষ টন ধান চাষিদের কাছ থেকে সরকারি উদ্যোগে কেনা হয়েছে। যার অধিকাংশই ধান থেকে চাল উৎপাদনের জন্য মিলে পাঠিয়ে দেওয়া হয়েছে। সম্প্রতি ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলার আধিকারিকদের সঙ্গে আয়োজিত খাদ্য দফতরের বৈঠকে পেশ করা রিপোর্টে জানানো হয়েছে, রাইস মিলগুলিতে পাঠানো মোট ধানের ৮৯ শতাংশ চাল হয়ে ইতিমধ্যেই সরকারের ঘরে ফিরে এসেছে। বীরভূম ছাড়া সব জেলাতেই ৮০

শতাংশের বেশি চাল পাওয়া গিয়েছে। তবে কয়েকটি জেলাতে চাল পাওয়ার পরিমাণ কিছুটা কম থাকায় ওই জেলাগুলিকে বকেয়া চাল দ্রুত দেওয়ার ব্যবস্থা করতে বলা হয়েছে। একই সঙ্গে যে রাইস মিলগুলির কাছ থেকে এখনও বেশি পরিমাণে চাল বকেয়া আছে তাদের আগস্ট মাসের মধ্যে বকেয়া চাল পুরোপুরি মিটিয়ে দেওয়ার জন্য  মিলগুলিকে নির্দেশ দেওয়া হয়েছেন।

উল্লেখ্য, সরকারি উদ্যোগে চাষিদের কাছ থেকে যে ধান কেনা হয় তা থেকে চাল উৎপাদনের জন্য নথিভুক্ত রাইস মিলগুলিতে পাঠানো হয়। মিলগুলি চাল উৎপাদন করে সরকারের কাছে পাঠিয়ে দেয়। ওই চাল সরবরাহ করা হয় রেশন দোকান, মিড ডে মিল ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ।

**********************

জমি কেনার পর তার পরচা নিজের নামে করানোর জন্য এবার থেকে অনলাইনে বাংলা ভাষায় আবেদন করা যাবে। এর ফলে রাজ্যের গ্রামাঞ্চলের বহু মানুষ উপকৃত হবেন। সাধারণ মানুষের সুবিধার জন্য অনলাইনে পরচার আবেদন জানানোর প্রক্রিয়া শুরু হলেও আবেদনের মাধ্যম এখনো ইংরেজি। ফলে এক শ্রেনীর মানুষকে সমস্যায় পড়তে হচ্ছে। এর সুযোগ নিচ্ছে মধ্যসত্ত্বভোগী ও দালালেরা। এই সমস্যা দূর করতে বাংলা ভাষায়  পরচার আবেদন জানানোর ব্যবস্থা করা হচ্ছে বলে ভূমি ও ভূমি সংস্কার দফতর সূত্রে জানা গেছে। বাংলা ছাড়াও কয়েকটি আঞ্চলিক ভাষাতেও এই সুবিধা আনার ভাবনা চিন্তা শুরু করেছে প্রশাসন। বর্তমানে মিউটেশন, জমির চরিত্র বদল, উত্তরাধিকার সংক্রান্ত আবেদন সবই দফতরের নিজস্ব পোর্টাল মারফত অনলাইনে করা যায়। অনলাইনে যে কোনও আবেদন জমা করার পর ইংরেজিতে এসএমএস-এর মাধ্যমে তার প্রাপ্তিস্বীকার করা হয়। আগামী দিনে এই এসএমএস বাংলায় পাঠানো হবে বলে জানা গিয়েছে।

**********************

ভারতের মহাকাশ গবেষণা ও তার সাফল্যকে বিশ্ববাসীর কাছে তুলে ধরতে ২৩শে আগস্ট দিনটিকে জাতীয় মহাকাশ দিবস ঘোষণা করা হয়েছে। ২০২৩

এর ২৩ শে আগস্ট ভারত পৃথিবীর চতুর্থ দেশ হিসেবে চন্দ্রাভিযানে সফল হয়। ভারতই প্রথম দেশ যাদের চন্দযান দক্ষিণ মেরুতে অবতরণ করে। এই কৃতিত্বকে স্মরণীয় করে রাখতে ২৩ শে আগস্ট দিনটিকে বেছে নেওয়া হয়। এবারেই প্রথম উদযাপিত হবে দিনটি।

ইসরোর Science Programme বিভাগের ডিরেক্টর, ডঃ তীর্থ প্রতিম দাস বললেন, ভারতের মহাকাশ চর্চা শুরু হয়েছিল সমাজ কল্যাণের দিকে লক্ষ্য রেখে, অন্যান্য দেশের মতো প্রতিরক্ষার কথা ভেবে নয় যা প্রতিটি ভারতবাসীর জন্য গর্বের।

( বাইট- ডঃ তীর্থ প্রতিম দাস।)

**********************

আর জি কর কান্ডের জেরে নিরাপত্তা জনিত কারনে ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনাল পর্বে মোহনবাগান ও ইস্টবেঙ্গলের ম্যাচ দুটি কলকাতায় হচ্ছে না। এই পর্বের খেলা আগামীকাল শুরু হবে। ইস্টবেঙ্গল ও লাজং এফ সি-র কোয়ার্টার ফাইনাল ম্যাচটি হবে শিলং এ। শুক্রবার জামশেদপুরে হবে মোহনবাগান ও পাঞ্জাব এফ সি ম্যাচটি। তবে বেঙ্গালুরু এফ সি ও কেরল ব্ল্যাস্টার্স এর কোয়ার্টার ফাইনাল হবে সল্ট লেকের যুব ভারতী ক্রীড়াঙ্গনে। সেমিফাইনাল আগামী ২৫ ও ২৭ শে এবং ফাইনাল ৩১ শে অগাষ্ট অনুষ্ঠিত হবে।

**********************************************************